**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.msw.gov.bd**

বিষয়: **সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০১৮'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ জিল্লার রহমান, সচিব,** সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৮ **ফেব্রুয়ারি ২০১৮, বেলা ০৪.০০ টা।** |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **জানুয়ারি**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | **জানুয়ারি**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | জানুয়ারি-২০১৮ মাসের কার্যবিবরণীর ২(খ) এর বিষয়ে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কার্যক্রম) কর্তৃক উত্থাপিত সংশোধনীসহ **জানুয়ারি**-২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম। |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা; | ক. সভায় জানানো হয় যে, ২ নভেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ অব্যাহত আছে। | ক. নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), সকম ও সংস্থা প্রধানগণ, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) |
| | | খ.'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম'-এর সম্ভাব্যতা পর্যবেক্ষণের জন্য এ মন্ত্রণালয়ের সচিব এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল নভেম্বর-২০১৭ মাসের প্রথম সপ্তাহে ভৈরব উপজেলার শিবপুর ইউনিয়নের ছনছাড়া গ্রাম সরেজমিনে পরিদর্শন করেন।উক্ত পরিদর্শনকালে প্রাপ্ত পর্যবেক্ষণ, উপস্থিত সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা এবং স্থানীয় জনগণের মতামতের আলোকে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম' এর খসড়া নীতিমালা চূড়ান্ত করনের বিষয়ে আলোচনার জন্য ২৬/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রনালয় সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | ২৬/০২/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম' এর খসড়া নীতিমালা প্রণয়নের কাজ চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (কার্যক্রম), সহকারী সচিব, (সানিশা) সকম। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। ১-১৫ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত ডাক গ্রহণ ৫৮২টি, অনিষ্পন্ন ডাক ১৩৭টি, নোটে নিষ্পন্ন ডাক ৩৫১টি, পত্র জারী ২১৮টি, স্ব উদ্যোগে নোট ২৩২টি, ডাক থেকে সৃজিত নোট ২৬৮টি, **ফেব্রুয়ারি মাসে ই-ফাইলিং এ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অবস্থান ৬তম ।** ই-ফাইলিং এ মন্ত্রণালয়ের অবস্থানের উন্নতি হওয়ায় সভাপতি ই-ফাইলিং সংশ্লিষ্ট | ডিজিটাল নথি ব্যবস্থাপনার গতিশীল অগ্রগতি অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকলকে সাধুবাদ জানান এবং ই-নথি কার্যক্রমের গতি অব্যাহত রাখার নির্দেশ দেন। | | |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫.০১.২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত কার্যক্রম চলমান আছে মর্মে আলোচনা হয়। | ক.১. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২. মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রার্থী চূড়ান্ত করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সকম। |
| | | খ.কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া গেছে, এ বিষয়ে অধিদফতরের স্মারক নম্বর-৪১.০১.০০০০.০৪৫.২২.০০৩. ১৩.-৩৫, তারিখ ৩১ জুলাই ২০১৭ খ্রিঃ যোগে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট ওয়ার্কি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটিকে ২৮ জানুয়ারি ২০১৮ হতে ৩০ জানুয়ারি ২০১৮ পর্যন্ত ৩ (তিন) দিন সমাজসেবা অধিদফতরের সভাকক্ষে উক্ত আইনের বিধির খসড়া প্রস্তুতের কাজ সম্পন্ন করার অনুমতি প্রদান করা হয়। বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>পিতা-মাতার ভরণ-পোষণ বিধিমালা প্রনয়নের বিষয়ে অধিদফতর থেকে খসড়া বিধিমালা পাওয়া গেছে। গত ২১/০১/২০১৮ তারিখে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে খসড়া বিধিমালা আপলোড করা হয়েছে এবং এ সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের নিকট মতামত আহবান করা হয়েছে। মতামত এখনো পাওয়া যায়নি।<br><br>দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ রহিত করে নতুন আইন প্রণয়নের নিমিত্ত আইনের খসড়ার উপর স্টেকহোল্ডারদের মতামত পাওয়া গেছে। প্রাপ্ত মতামতের সমন্বিত প্রতিবেদন তৈরি করা হয়েছে। গত ১০/০১/২০১৮ তারিখ আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী একটি সুস্পষ্ট ও নাতিদীর্ঘ প্রস্তাবনা সহ প্রণয়ন পূর্বক খসড়া তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে অনুরোধ জানানো হয়েছে।<br><br>স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রন) আইন, ২০১৭ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রনয়নের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির ২২.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি প্রস্তুত করে সর্বসাধারনের মতামতের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.msw.gov.bd) আপলোড করা হয়েছে। এই আইনের সাথে অন্য | খ.১. বিভিন্ন সংস্থার জন্য প্রযোজ্য আইন ও বিধি, বিধিমালা প্রণয়ন ত্বরানিত্ব করতে হবে।<br><br>২. দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ রহিত করে নতুন আইন প্রণয়নের নিমিত্ত আইনের খসড়া অধিদফতর হতে ২০মার্চ-২০১৮ তারিখের মধ্যে মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে<br><br>৩. জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়া আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্থা প্রধানগণ ও উপসচিব (আইন, ও সংস্থা রেজি: অধিশাখা), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কোন আইনের সামঞ্জস্যতা আছে কিনা তা পরীক্ষা করে মতামত দেয়ার জন্য অধিদফতর, জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশন, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এবং নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ডকে তাগিদপত্র দেয়া হয়েছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন হতে, এই আইনটি অন্যান্য আইনের সাথে সাংঘর্ষিক নয় মর্মে জানানো হয়। অন্যান্য প্রতিষ্ঠান এর প্রতিনিধিগণ ২৮/০১/২০১৮ তারিখের সমন্বয় সভায় প্রণীত আইনের সাথে অন্যান্য আইনের সংঘর্ষ নেই মর্মে মৌখিক ভাবে জানান। 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (রেজিঃও নিয়ন্ত্রণ) আইন, ২০১৭' এর খসড়াটি পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত 'আইনের খসড়া প্রনয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সঙ্গতি বিধানের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটি' বরাবর প্রেরণ করা হয়েছে।<br><br>বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রনয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এর সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটি বরাবর প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের আইন শাখা হতে খসড়াটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষের মতামত গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হয়। সে প্রেক্ষিতে আইনের খসড়াটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরন করা হয়। এরপর বাংলাভাষা বাস্তবায়ন থেকে প্রমিতকৃত প্রতিবেদনটি মন্ত্রিপরিষদের উপকমিটির নিকট প্রেরণ করা হয়েছে। | | |
| | | গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর ১৪টি বেসরকারি সংস্থার নিকট থেকে মতামত পাওয়া যায়। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে আবেদনের প্রেক্ষিতে সময় বৃদ্ধি করা হয়। তাদের সুপারিশের প্রেক্ষিতে জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয় এ বিষয়ে গত ১৪/১২/১২১৭ তারিখে সভা করে কর্মপরিকল্পনা আরও সুনির্দিষ্ট করার লক্ষ্যে একটি উপকমিটি গঠন করেছে। ইতোমধ্যে উপকমিটি কর্মপরিকল্পনা সুনির্দিষ্ট করণের জন্য দুটি সভা করেছে। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। | গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া প্রণয়ন কাজ ২০মার্চ-২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম। |
| | | ঘ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্ত্ততকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে ০৯/১০/২০১৭ তারিখে ১৯২ নং স্বারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছ। বর্তমানে সফটওয়্যার আপগ্রেডেশনের কাজ | ঘ. মার্চ-২০১৮ মাসের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান আছে। | প্রকাশ করতে হবে। | |
| ৫. | সমাজসেবা অধিদফতর | ক) **১ম শ্রেণির পদ: সমাজসেবা অধিদফতরের পরিচালকের অনুমোদিত পদ ১১টি। বর্তমানে পরিচালকের কোন পদ শূন্য নেই।**<br><br>**খ)সমাজসেবা অধিদফতরের অতিরিক্ত পরিচালকের অনুমোদিত পদ ০৯(নয়)টি। বর্তমানের অতিরিক্ত পরিচালকের ০২ (দুই) টি পদ শূন্য আছে।**<br><br>**গ)সমাজসেবা অধিদফতরের** উপপরিচালকের অনুমোদিত পদ ৯৫(পঁচানব্বই) টি। বর্তমানে উপপরিচালকের **০৩ (তিন) টি পদ শূন্য আছে।**<br><br>ঘ) **সমাজসেবা অধিদফতরের সহকারী পরিচালকের** অনুমোদিত মোট পদ ১২০টি । বর্তমানের সহকারী পরিচালকের **৪০ (চল্লিশ) টি পদ শূন্য।**<br><br>ঙ) **সমাজসেবা অফিসার/সমমানের** অনুমোদিত মোট পদ ৯৩৩টি।<br>বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ২০৮টি (চাকুরিতে যোগদান না করায়, পিআরএল গমন, ইস্তফা প্রদান ইত্যাদি)।<br>২০৮টি পদের ১০% হিসাবে ২১ (একুশ)টি পদ সংরক্ষণ যোগ্য । ২০% হিসাবে ৪৩ (তেতাল্লিশ) টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত। অবশিষ্ট ১৪৪ টি পদের মধ্যে ১০২ টি পদ পূরণের প্রস্তাব গত ৩১/১০/২০১৭ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৪২ টি পদের মধ্যে ১ জনের এসিআর ত্রুটি বিচ্যুতি সংশোধনের জন্য বলা হয়েছে। অবশিষ্ট ৪১ টি পদ পূরণের জন্য পিএসসিতে পত্র প্রেরণ করা হচ্ছে।<br>**চ) ২য় শ্রেণির মোট অনুমোদিত পদ ৪৫৫টি। বর্তমানে কর্মরত ১৩২ জন। অবশিষ্ট ৩২৩ টি পদের মধ্যে ২১৩ টি পদ** সহকারী সমাজসেবা অফিসারের পদ গত ০৬/০৮/২০১৭ তারিখে সৃজন হয়েছে। উক্ত ২১৩ টি পদ বিদ্যমান নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করনের জন্য নিয়োগবিধি সংশোধনের কাজ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন।<br>* ২য় শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির ১১০ টি শূন্য পদের মধ্যে ১০% হিসাবে ১১ টি পদ সংরক্ষণ করা হয়েছে অবশিষ্ট ১১০-১১=৯৯ টি পদের মধ্যে ৫৫ টি পদ পূরণের জন্য গত ৩১/১০/১০১৭ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে<br>*অবশিষ্ট ৯৯-৫৫=৪৪ টি শূন্য পদের মধ্যে ২৮ টি পদ পদোন্নতির জন্য অপেক্ষমান। অবশিষ্ট ৪৪-২৮=১৬ টি পদের প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**৩য় শ্রেণি: তৃতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ৬৪২৬টি। বর্তমানে শূন্য পদ ৯৯৮টি।**<br><br>৩য় শ্রেণীর ৭২ টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত ২৫/০১/২০১৮ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। এছাড়া ৩য় শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির ৪৩৬ টি পদের ছাড়পত্র ২৬/০২/২০১৮ তারিখে মন্ত্রণালয়ের ১৩১ নম্বর স্মারকে অধিদফতরে প্রেরণ করা হয়েছে।<br><br>**৪র্থ শ্রেণি: চতুর্থ শ্রেণির মোট অনুমোদিত পদ ৪২৫২টি। বর্তমানে শূন্য পদ ৫৬৪টি।** | (১) সমাজসেবা অধিদফতরের পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক,সহকারী পরিচালক ইত্যাদি ১ম শ্রেণি ও ২য় শ্রেণির শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রাখতে হবে।<br><br>(২) ৩য় ও ৪র্থ শ্রেণির সকল শূন্য পদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দিতে হবে।<br><br>(৩) পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি বিস্তারিতভাবে আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) , সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪র্থ শ্রেনীর বিভিন্ন ক্যাটাগরির ২০১ টি পদের ছাড়পত্র চেয়ে ১২/০২/২০১৮ তারিখে অধিদফতরের ২৩২ নম্বর স্মারকে প্রস্তাব পাওয়া গেছে যার নথি উপস্থাপন করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | | |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ১৩২ নিউ ইস্কাটনস্থ নিজস্ব জায়গায় বহুতল বিশিষ্ট ''সমাজকল্যাণ ভবন'' নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। গত ৩১.১২.২০১৭ তারিখ খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের পরিচালক হিসেবে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর নির্বাহী সচিব অতিরিক্ত দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্তের আলোকে খসড়া ডিপিপি পুন:সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় হতে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে ''সমাজকল্যাণ ভবন'' নির্মানের অগ্রগতি নিয়মিত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |
| ৭. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করার বিষয়ে ট্রাষ্টের নির্বাহী পরিচালক সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে আলোচনা হয়নি। | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনককরণে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। |
| ৮. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | ১.মৈত্রী শিল্পের উৎপাদিত পানি বাজারজাতকরণে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালকগণ সহায়তা করছেন।<br><br>২.অক্টোবর থেকে ডিসেম্বর-২০১৭ পর্যন্ত মুক্তা ড্রিংকিং ওয়াটার ও প্লাষ্টিক পণ্যসামগ্রী বিপননের লাভ/ক্ষতির হিসাব নিম্নরূপঃ<br><br>ক). <u>মুক্তা ড্রিংকিং ওয়াটারঃ</u>মোট আয় ৩৪,৭০,৫৫১ টাকা (চৌত্রিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত একান্ন টাকা)মোট ব্যয় ১৭,৬০,৮৬৯ টাকা (সতের লক্ষ ষাট হাজার আটশত উনসত্তর টাকা)<br>মোট লাভ=১৭,০৯,৬৮২ টাকা (সতের লক্ষ নয় হাজার ছয়শত বিরাশি টাকা)<br><br>খ) <u>প্লাষ্টিক পণ্য সামগ্রীঃ</u>মোট আয়ঃ৭,১০,৫১৯ টাকা (সাত লক্ষ দশ হাজার পাঁচশত উনিশ টাকা)মোট ব্যয় ১১,২৮,৯০৯ টাকা (এগার লক্ষ আটাশ হাজার নয়শত নয় টাকা) মোট ক্ষতি =৪,১৮,৩৯০ টাকা (চার লক্ষ আঠার হাজার তিনশত নব্বই টাকা)<br><br>মুনাফাঃ ১২,৯১,২৯২ টাকা (বার লক্ষ একানব্বই হাজার দুইশত বিরানব্বই টাকা)<br><br>সভায় সভাপতি মৈত্রী শিল্পের প্লাষ্টিক পণ্যসামগ্রীতে লোকসান হওয়ার অসন্তোষ প্রকাশ করেন এবং লোকসানের কারণ অনুসন্ধান ও প্লাষ্টিক সামগ্রী লাভজনক করার বিষয়ে কি কি করণীয় তা নির্ধারনের জন্য মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের জন্য মৈত্রী শিল্পের নির্বাহী পরিচালককে নির্দেশনা দেন। | (১) মৈত্রী শিল্পের উৎপাদিত পানি বাজারজাতকরণে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালকগণ সহায়তা করবেন।<br><br>(২)নির্বাহী পরিচালক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে বসে মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য সামগ্রীর বাজার দর পর্যালোচনা করে প্লাষ্টিক সামগ্রী লাভজনক করার বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন । | নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমা করণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশনের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ ছাড়া বিভিন্ন বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। ৫টি বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে আলোচনা হয়েছে। তাদের নিকট থেকে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের পলিসি বিষয়ক প্রস্তাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার জন্য প্রতিবেশী দেশ ভারতসহ অন্যান্য দেশের দৃষ্টান্ত সংগ্রহ পূর্বক উদ্যোগ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| ১০. | **বিবিধ**<br><br>ক. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক; | ক. জানুয়ারি ২০১৮ পর্যন্ত সমাজকল্যান মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ৯৮৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যাতে জড়িত অর্থের পরিমাণ ৯৭,৫৪,০৮৮৫৯/- টাকা।<br><br>**সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে জানুয়ারি ২০১৮ মাসে ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভায় ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ০৮ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। সে মোতাবেক দ্বিপক্ষীয় সভার সুপারিশ সম্বলিত জবাব ২৭/০২/২০১৮ তারিখে অডিট অধিদফতরে প্রেরণ করা হয়েছে।<br><br>**সমাজসেবা অধিদফতর:** সমাজসেবা অধিদফতরে জানুয়ারি ২০১৮ পর্যন্ত ৯২২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভা আহবানের বিষয়টি অডিট অধিদফতরে প্রক্রিয়াধীন। এছাড়া সমাজসেবা অধিদফতরের অডিট আপত্তিগুলো বিভাগ ভিত্তিক বিভাজন করে বিভাগীয় পরিচালকদের নিকট প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন।<br><br>**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন জানুয়ারি ২০১৮ পর্যন্ত ৩৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির জন্য অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করা হয়েছে এবং অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে।<br><br>**জাতীয় সমাজকল্যাণ পরিষদ:** জাতীয় **সমাজকল্যাণ পরিষদ** জানুয়ারি ২০১৮ পর্যন্ত ১৭টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। অনিষ্পন্ন ১৭ টি অডিট আপত্তির মধ্যে ২ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে সংশ্লিষ্ট কোডে জমা দেয়া হয়েছে। কোষাগারে টাকা জমাদানের প্রমানক সংযুক্ত করে ২ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য অডিট অধিদফতরে জবাব প্রেরণ করা হয়েছে। | (১) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে।<br><br>(২) সমাজসেবা অধিদফতরের অডিট আপত্তিসমূহ আগামী ০১ সপ্তাহের মধ্যে বিভাগভিত্তিক বিভাজন করে পরিচালকগণের নিকট প্রেরণ করতে হবে।<br><br>(৩) বিভাগীয় পরিচালক কমিটি করে নিজ নিজ বিভাগের অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করবেন।<br>(৪) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং জাতীয় সমাজকল্যাণ পরিষদের অডিট আপত্তিগুলো নিষ্পত্তি করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয় কে জানাতে হবে। | সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |
| | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের ডিসেম্বর-২০১৭ মাসের মাসিক প্রতিবেদন স্মারক নং-৬৩ তারিখঃ ৩০/০১/২০১৮ যোগে মহিলা ও শিশু বিষয়ক | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি নিয়মিত প্রেরণ করতে | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | হবে। | অতিরিক্ত সচিব (কার্যক্রম),সহকারি সচিব (সানিশা), সকম। |
| | গ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত; | গ.হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের জন্য ১০টি জেলার জেলা প্রশাসকগণকে দু একর জমি অধিগ্রহণের জন্য অধিদফতরের স্মারক নং- ৬০ তারিখ: ২২-৩-২০১৭ যোগে পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যবদি কোন অগ্রগতি না থাকায় পুনরায় তাগিদপত্র প্রদান করা হয়েছে। | (১) হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের বিষয়ে ১০ জেলার জেলা প্রশাসক গণের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (২) জেলা প্রশাসকগণ জমি প্রদানের বিষয়ে অপারগতা জানালে তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম); উপসচিব (কর্মসূচি-১) |
| | ঘ.বিভাগীয় সমাজসেবা কার্যালয় বিষয়ক | ঘ.(১) বিভাগীয় পরিচালকগণ সভায় নিজ নিজ বিভাগের কার্যক্রম তুলে ধরেন। যে সকল বিভাগের বিভাগীয় কার্যালয় এখনো ভাড়া করা সম্ভব হয়নি সেসকল বিভাগীয় কার্যালয় আগামী মার্চ-২০১৮ মাসের মধ্যে ভাড়া করা সম্ভব হবে মর্মে সংশ্লিষ্ট পরিচালকগণ সভায় জানান। বিভাগীয় কার্যালয়ের জন্য গাড়ি, জনবল ও বিভাগের আওতাধীন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বদলিসহ বিদ্যমান অন্যান্য সমস্যার উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) প্রশাসনিক প্রয়োজনে বিভাগীয় পরিচালকগণ নিজ নিজ বিভাগের মধ্যে ১ম শ্রেণী (সমাজসেবা অফিসার/সমমান) এবং তার নিচের সকল পদের বদলি করতে পারবেন তবে বদলির যোক্তিকতা নথিতে থাকতে হবে। (২) বিভাগীয় পরিচালকগণ তাঁর আওতাধীন বিভিন্ন কার্যালয় পরিদর্শন পূর্বক একটি নির্দিষ্ট ছকে প্রতিবেদন মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | যুগ্মসচিব (কার্যক্রম),বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর। |
| | | ঙ.বাংলাদেশ নিম্ন-আয়ের দেশ (LDC) থেকে নিম্ন মধ্য আয়ের দেশে উত্তরণে সরকার বর্ণিল আয়োজনের মাধ্যমে অনবদ্য এই অর্জন কে আগামী ২০-২৫ মার্চ-২০১৮ পর্যন্ত সারাদেশে উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর ধারাবাহিকতায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ও এর অধীন দপ্তর সংস্থায় যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপনের বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন। | ঙ.যথাযথ মর্যাদায় আগামী ২০-২৫ মার্চ-২০১৮ পর্যন্ত এই অর্জন কে উদযাপনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন),দপ্তর সংস্থার প্রধানগণ ও বিভাগীয় পরিচালকগণ, সকম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**মোঃ জিল্লার রহমান**
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্মারক: ৪১.০০.০০০০.০৩৩.০৬.০২৯.১৬.৫৫৭

২২ ফাল্গুন ১৪২৪
০৬ মার্চ ২০১৮

**বিতরণ: সদয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা, উন্নয়ন ও আইন/প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা।
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রতিবন্ধিতা/ বাজেট ও ব্যবস্থাপনা, কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৯. নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
১০.পরিচালক,বিভাগীয় কার্যালয় (ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ) সমাজসেবা অধিদফতর।

১১. উপসচিব (সকল),উপপ্রধান (পরিকল্পনা ও উন্নয়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১/২), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(তাঁকে ফেব্রুয়ারি-২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৭. প্রশাসনিক কর্মকর্তা (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*** সংশ্লিষ্ট সকলকে ১৫ মার্চ-২০১৮ এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

স্বাক্ষরিত/-
**জি.এম. আককাচ হোসেন**
উপসচিব (প্রশাসন-৩ শাখা)
ফোন: ৯৫১৫৫৩৪
**E-mail: parliament_mosw@yahoo.com**

**জ্ঞাতার্থে**

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।